



কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

ঋণ ও অগ্রিম বিভাগ

E-mail : lad@kb.gov.bd

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু।

শুদ্ধাচার আর শিষ্টাচার
কর্মসংস্থান ব্যাংকের অঙ্গীকার।

সার্কুলার লেটার নম্বর : ৫৩.১৭.০০০০.০৯০.২২.০০৮.২০.১১৮৮(২৪৯)

তারিখ : ১৫ মার্চ ২০২০

সকল শাখা ব্যবস্থাপক
কর্মসংস্থান ব্যাংক।

বিষয় : বঙ্গবন্ধু যুব ঋণ নীতিমালা সংশোধন ও পরিমার্জন

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী উপলক্ষে ২০.১১.২০১৯ তারিখে অনুষ্ঠিত পরিচালনা বোর্ডের ২৮১তম সভার অনুমোদনক্রমে অত্র বিভাগের ০৬ জানুয়ারি ২০২০ তারিখের অপারেশন পরিপত্র নম্বর-০১/২০২০ এর মাধ্যমে “বঙ্গবন্ধু যুব ঋণ নীতিমালা” জারী করা হয়।

০২। “বঙ্গবন্ধু যুব ঋণ নীতিমালা” বিষয়ক কর্মপরিকল্পনা চূড়ান্তকরণের নিমিত্তে কর্মসংস্থান ব্যাংক পরিচালনা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে ১৫.০১.২০২০ তারিখে ব্যাংকের প্রধান কার্যালয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ব্যাংকের নির্বাহীবৃন্দসহ অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, যুব উন্নয়ন অধিদপ্তর, বিডা, এসডিএফ, বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন। সভায় বিস্তারিত আলোচনার পর “বঙ্গবন্ধু যুব ঋণ নীতিমালার” কতিপয় অনুচ্ছেদ পরিবর্তন/পরিমার্জন/সংশোধনের সুপারিশ করা হয়।

০৩। উক্ত সভার সুপারিশ, বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা এবং বঙ্গবন্ধু যুব ঋণ কর্মসূচী সফল বাস্তবায়নের নিমিত্তে ০৯.০৩.২০২০ তারিখে অনুষ্ঠিত পরিচালনা বোর্ডের ২৮৪তম সভায় “বঙ্গবন্ধু যুব ঋণ নীতিমালার” কতিপয় অনুচ্ছেদ পরিবর্তন/পরিমার্জন/সংশোধনের প্রস্তাব উপস্থাপন করা হলে বিস্তারিত আলোচনার পর পরিচালনা বোর্ড কর্তৃক বিদ্যমান নীতিমালার অন্যান্য শর্ত অপরিবর্তিত রেখে “বঙ্গবন্ধু যুব ঋণ নীতিমালার” কতিপয় অনুচ্ছেদ পরিবর্তন/পরিমার্জন/সংশোধনের প্রস্তাব নিম্নোক্তভাবে অনুমোদিত হয় :

ক্র. নং	নীতিমালার অনুচ্ছেদ নম্বর	বিদ্যমান নীতিমালা	সংশোধিত নীতিমালা
১.	শিরোনাম	বঙ্গবন্ধু যুব ঋণ নীতিমালা	বঙ্গবন্ধু যুব ঋণ নীতিমালা-২০২০
২.	০২	নিজস্ব	নিজস্ব ও অন্যান্য।
৩.	০৩ (ঘ)	উদ্ভাবনী ধারণা বাস্তবায়নে সহযোগিতা করা।	উদ্ভাবনী ধারণা প্রয়োগে সক্ষম উদ্যোক্তা গড়ে তোলা।
৪.	০৩ (ঙ)	জিডিপিতে যুবদের অবদান বৃদ্ধি।	অবলুপ্ত হবে।
৫.	০৪ (গ)	শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম জেএসসি/সমমান হতে হবে।	শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম পিইসি/ সমমান হতে হবে।
৬.	০৪ (ঙ)	বয়স ১৮ থেকে ৩৪ বছর হতে হবে।	বয়স ১৮ থেকে ৩৫ বছর, বিশেষ বিবেচনায় বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য।
৭.	০৪ (চ)	প্রকল্প/প্রতিষ্ঠান পরিচালনার যোগ্যতা থাকতে হবে	স্ব স্ব উদ্যোগ/প্রকল্প বাস্তবায়নের সক্ষমতা থাকতে হবে।
৮.	০৬	সরকার কর্তৃক নিষিদ্ধ নয় এমন যে কোনো খাত/প্রকল্প	দেশের আর্থ সামাজিক উন্নয়নে সম্পৃক্ত যে কোনো খাত।

০৪। এমতাবস্থায়, সংশোধিত নীতিমালা যথাযথভাবে পরিপালন ও বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ দেয়া হলো।

০৫। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-

স্বাক্ষরিত/-

(মোঃ তাজুল ইসলাম)

(ব্যবস্থাপনা পরিচালক)

তারিখ : ১৫ মার্চ ২০২০

সূত্র নম্বর : ৫৩.১৭.০০০০.০৯০.২২.০০৮.২০.১১৮৮(২৪৯)(৬০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (ওয়েবসাইট হতে সংগ্রহের অনুরোধসহ) :

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন ও নিরীক্ষা/পরিচালন ও হিসাব) কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
- ০৪। সকল উপমহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে), কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। আইটি বিভাগের উপমহাব্যবস্থাপককে সার্কুলার লেটারটি ব্যাংকের ওয়েবসাইটে প্রদর্শন করার জন্য অনুরোধ করা হলো ;
- ০৫। উপমহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় কার্যালয়ের দায়িত্বে), সকল বিভাগীয় কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক;
- ০৬। সকল সহকারী মহাব্যবস্থাপক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক ;
- ০৭। বোর্ড সচিব, পর্যদ সচিবালয় ও জনসংযোগ বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
- ০৮। সকল আঞ্চলিক ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক ;
- ০৯। অফিস নথি।

(মোঃ আব্দুল মান্নান)

উপব্যবস্থাপনা পরিচালক